

मीलक्षित्र के कि कि

जिल्ला , वर्षणाह





সন ১৮৬০ সালের ১১ আইনের ছকুনাত্সারে নীল সম্বন্ধে
ধে ক্ষিস্যন্তু সাহেবানেরা নিযুক্ত ইইয়াছিলেন তাহাদের
তদারক সমাধানাস্তে বাজাল গবর্ণমেন্টের সেক্রেটারী এ
মনি সাহেবকে ঐ বিষয়ে তাহাদের অভিপ্রায় সংযক্ত ষে রিপোর্ট অর্থাং এভেলা ক্রিয়াছেন তাহার সারিসংগ্রহা

১ দকা । উজ সাইনানুসারে নীল জাবাদের বর্তমান
প্রেপা এবং নীলকরের সহিত প্রজাবর্গের ও জমিদারানের
সর্বন্ধা কিষয় তদারক করণ জন্য গত ১০ মে তারিপে আমরা
মোকরর হইরা তদারক সমাপ্ত করিরা তুরিবরে আনাদের
যে অভিপ্রায় তাহা এইক্ষণে বাসালা প্রেদেশের নান্যবর শ্রীবৃত্ত
ক্রেপ্টনেন্ট গবর্ণর সাহেব বাহাছরের দৃষ্টার্থে এবং বিবেচনার
জন্ম আমরা দাথিশ করিভেছি।

২ দকা। প্রথমে ১৪ ও ১৬ মে এই ছই তারিখে আনাদের গোপনে বৈঠক হয় তাহাতে আমাদের কি প্রকার কর্ম্ম করিছে ইইবে ও কোন্ত ব্যক্তির শাক্ষা বাক্যু শুনিতে ইইবে এবং পাটনা ও গাজিপুর প্রদেশে কি প্রকারে আফিন প্রস্তুত হয় তাহা জ্ঞানিবার জন্য আফিনের এজেন্ট সাহেবদিগকে চিঠী লেখা ইত্যাদি বিষয় দ্বির করিয়াছিলাম পরে ১৮ মে অবধি-৪ আগ্রষ্ট প্রয়ন্ত আমরা প্রকাশ্য বৈঠক করিয়াছিলাম।

ত দ্বা। প্রকাশ্য স্থানে এবং সাধারনের সক্ষ্ত তাবং নাকির জ্ঞবানবন্দী সামরা লইয়াছি আনাদের কাছারীর দার পোলা থাকিত, যে বাজি ইচ্ছা করিয়াছে সেই ব্যক্তি সাসিত্ত থিরিয়াছে এবং ভাবিং শাক্ষির জ্ঞবানবন্দী প্রত্যেক বৈঠকের। পুরু দিবসে খবরের কাগজে ছাপা হইয়াছে।

৪ দকা। ১৩৪ ব্যক্তির জ্বানবন্দী লওয়া ইইরাছে তম্মধ্যে দিবিল ও অন্যান্য গ্রন্থেরের কর্মচারী ১৫ জন, নীলকর ২১ জন, পাদ্রি সাহেব ৮ জন, জ্মীদার ও তালুকদার ১৩ জন, রাইয়ত গাতিদার প্রভৃতি অন্যান্য ৭৭ জন। তাবত শাক্ষিরা হলপ্ করিয়া জ্বানবন্দী দিয়াছে।

৫ দফা। আমরা জেলা নদীয়ার সদর স্থান কৃষ্ণনারে ১৫ দিবস বৈঠক করিয়াছিলাম তদ্ভিন্ন আর বক্রী কাল কলিকাতায় ছিলাম অধিকাংশ বঙ্২ কর্মচারী ও নীলকর সাছের ও বাঙ্গালি জনিদার্দিগের কলিকাতায় জবানবন্দী দেওয়া সুবিধা ছিল এবং রাজধানী বিধায় এখান হইতে সর্বাত্রে আমাদের কর্মা প্রচার উত্তমব্রপে হইকে এই কারণে ক**লি**কাতায় বৈঠক হইয়:ডিল কিন্তু যে সকল গরী**ৰ প্রজা কলি**-কাতায় অংসিতে অশক্ত, তাহাদের জন্য আমরা কৃষ্ণনগর গিয়াছিলান—কৃষ্ণনগর বারাসত, যশোহর ওপাব্না হইতে বিস্তর প্রস্তা আসিয়াছিল কিন্তু সকলের জবানবন্দী লইতে অশক হইয়া তাহাদের মধ্যে প্রভ্যেকের জাতি ও বাসস্থান ও নীলকুঠীর এলাকা ও প্রজাদিগের বুদ্ধি ও অবস্থা বিবেচনা করিয়া আমরা বাছাই করিয়া ভ্রমনবন্দী লইয়াছি--কেহ্২ কছেন যে এই সকল প্রেক্তা শাক্ষিদিগকে শাক্ষি দিবার জন্য অন্যান্য ব।জিরা তার্গিম করিরা পাঠাইয়াছিলেন কিন্তু আমরা ভাষা বিশ্বাস করি বা বরং আমাদের বিজক্ষণ ক্রদয়ত্বম কইয়াছে যে শাক্ষিরা সকনেই সভা কথা কহিয়াছে কিন্দু ইহাও হইতে পারে বে কোনং শাক্ষি আপন্থ ছঃপের বিষয় বর্ণ করিতে কিঞ্চিৎ বাড়াইরা ক্ছিয়াছে !

জ দকা। করেক জন নীলকর সেই সময়ে তাহাদের কুঠী ছাড়িয়া কলিকতোয় আসিতে অশক্ত ছিলেন তাহাদের অনু-রোধে এবং বাঙ্গালি জমীদারদিগের জবানবন্দী লওন জন্য এবং ক্ষমনগরে নীল সম্বন্ধে অধিক বিবাদ উপস্থিত হওরাতে আমরা ক্ষমনগর গিয়াছিলাম এবং ৬ জুলাই তারিথ অববি ঐ মাসের ১৯ তারিথ প্র্যান্ত আমরা কলিকভায় অনুপ্রিত ছিলাম। ৭ দকা। কৃষ্ণনগর গমন করিবার পুর্বের আমাদের কেছ্থ সাবধান করিয়াছিলেন ষে আমরা তথায় উপস্থিত হুইলে নীজ-করিদিগের প্রতি প্রজাদিগের বিরুদ্ধাচরণ বৃদ্ধি হুইয়া নীজকর-দিগের অধিক মন্দ ঘটিবে এবং সাধারণ লোকেরা আমাদের কৃষ্ণনগর ষাইবার বথার্থ কারণ ছাপাইয়া নিথ্যা জনরব রটনা করিবে।

৮ দকা। কিন্তু উপরোক্ত কম্পিত বিষয় কিছু ঘটনা ২য নাই শুনিয়া লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সন্তুষ্ট হইবেন।

৯ দকা। ক্ষনগরে বদ্যপি ও আমরা নৃতন কিছুই শুনিতে পাইলাম না তথাপি অনেক ভাল এবং বিশ্বাস্ক্রনক জবানবন্দী , গাহণ করিয়াছি আমরা ক্ষমনগরের ক্ষেহেলথানায় গিয়া নৃতন ১১ আইনের মন্দানুসারে নীলের চুক্তি ভঙ্গ করণীয়া প্রায় ৬০ সাটি জন কএদীদের সঙ্গিত কথোপকথন করিয়াছিলাম এবং কি জানো তাহারা নীল বুনিতে স্বীকার করা অপেক্ষা কএদ থাটিতে প্রস্তুত হইয়াছে ভাগা জ্ঞানিবার জানা তত্মধোদ জানের জাবানবন্দী লইয়াছিলাম।

১০ দকা। আমারদিপের মধ্যে তিন জন ক্ষিসানর নহাশয় অত্যি অপ্প কালের জনা কুঠী বাঁস বেড়িয়া, নিশ্চি শিপুর ও
থাল বোয়ালিয়াতে গিয়াছিলেন ভাঁছাদের নিকট মকঃসলের
বৃত্তান্ত যে ৰূপ অবগত হইলাম ভাঁছাতে আমরা মকঃসলে
বুগলে কোন সূতন কথা শুনিতে পাইব এমন বোধ হইল না
ছিশেষ সেই সময়ে মজুর লোকেরা কুঠীওয়ালাদিগের নিকট
অন্যান্য বংসর অপেকা এ বংসর অধিক মজুরি চাহিতে ছিল
আমরা মকঃসল গেলে পরে আরো অধিক চাহিবার সন্তব,
এবং যে সকল,জনীদারদিগের জবানবন্দী লইতে বাকী ছিল
ভাহাদিগের আমাদিগের সহিত মকঃসলে যাইতে হইলে
অনেক কট্ট পাইতে হইত আর আমাদেরও মকঃসলে গেলে
স্থানাভাবে কনীলকুঠীতে থাকিতে হইত ভাহাতে প্রজার!
আমাদিগের উপর বিরক্ত হইনার সন্তব, এই সমুদ্য কারণ জনা
আমরা সকলে একত্র হইয়া মকঃসলে যাই নাই।

১১ দকা। অনেক কুটির খাতা বহি প্রভৃতি আমাদের নিকট দাখিল হইয়াছিল এবং / খোলা আদালভের যরে আমরা বৈঠক করিতাম সে স্থানে সকলে আসিতে ক্ষাবান ছিল এবং প্রত্যাহ অত্যন্ত ভিঁড় হইত।

১২ দকা। যে সকল শাক্ষিরা ইংরাজীতে জ্বানবন্দী দেয় নাই তাহাদের এই ক্মিসানের সভাপতী অথবা পাদ্রী সেল সাহেব অথবা চক্রনোহন বাবু বালালা ভাষাতে সওয়াল করিতেন এবং তাহার জ্বাব তৎক্ষণাৎ ইংরাজীতে তরজমা হইয়া কেরানির দারা লিখিত হইত—বালালা হইতে ইংরাজী তরজমা সভাপতির দারা হইত, এবং বক্রী ছই জনক্মিসানর সাহেবদিগের ভাহা বুঝিতে কথন কোন ব্যগতে হয় নাই।

১৩ দকা। এই প্রকারে ভারতবর্ষের এই অর্থাৎ পূর্ব্য থণ্ডে কি প্রনালিতে নীলের চাস আবাদ হয়, নীলকরের সহিত জ্ঞানীদার ও প্রজার কি সম্বন্ধ আছে, এই দেশস্থ ছোট বর্জ লোকেদের নীলের প্রতি কি জ্ঞানা ও অভিপ্রায়, নীলের চাসে প্রজাদিগের লাভ কি নোকসান হয়, আকিমের চাস এবং অন্যান্য সকল কসলের চাম কি প্রকারে হয়, প্রলিশ এবং অন্যান্য আমলার চরিত্র কি, ভূমি সংক্রান্তথা জানা এবং ভূমি ক্রয় বিক্রয় কি কপে স্থা আইন সকল কি প্রকার চলিত আছে, এবং দেশের কি অবস্থা এবং প্রজাদিগের জীবৃদ্ধি ও উন্নতি ইইতেছো কি না— এই সকল বিষয়ে অনেক জ্বানবন্দী পাওয়া গিয়াছে।

১৪ দকা।—ইহা কথনো ভরসা করা যায় নাই যে সমুদ্দ সাক্ষির জ্ঞ বানবন্দী সকল বিষয়ে ঐক্য হইবে, কিন্তু এনুন কোন জ্ঞ বানবন্দী নাই যাহাতে কোন দরকারী বিশেষ কথা প্রকাশ হয় নাই—সে যাহা হউক নীচের লিখিত নহাশয় ব্যক্তিদিগের জ্ঞ বানবন্দী আনরা বিশেষ মনোযোগের সহিত্য গ্রহণ করিয়াছি যে হেতৃক ভাহাতে অনেক বৰ্ণ মূল্য সংবাদ প্রকাশ হইয়াছে—নীলকরের আপন জ্ঞনীতে নীলের চাষের বিষয়ে রোজ ও সেজ ও সমার্শ সাহেবানের জ্ঞ বানবন্দী—রাইয়াজের দারা নীলের চাসের বিষয়ে পারদর্শি লারমের ও কারলং ও নন্দনপুরের সিবস্ত নীলকর সাহেবানের জ্ঞ বানবন্দী—নীল কুঠির মূল্য অর্থাৎ কি প্রকারে নীলের চাস আবাদ হয় এই বিষয়ে মোরেন সাহেবে ও উক্ত জ্ঞিলার মাজিইর এবং

কালেক্টর ডেম্পিয়ার সাহেবের জ্ববানবন্দী——পশ্চিম এবং আলাহাবাদ অঞ্চলে যে প্রকারে নীল আবাদ হর তদ্বিবয়ে সভার সাহেবের জবানবন্দী—বারাসত অঞ্চল কি প্রকারে নীলের চাস হয় এবং কি কার্তে প্রভারা বর্তমান সনে নীল আবাদ ক্রিতে অনিচ্ছ ক ইইয়াছে তদিষয়ের বারাস তের পূর্ব্ব নাজিফুট মানাবর ইভিন সাহেবেরজ্বানবন্দী----নীলকরের অত্যাগর যাহা তিনি স্বচক্ষে দেখিয়াছেন এবং অপক্পাতি ও উত্নীকপে বর্ণনা জতি তদ্বিষরে কাপাসভাঙ্গার গিরভার শ্রীয়ুত পাদরী সুর সাহেবের জবানবন্দী---বাঙ্গালা ভাষায় খবরের কাগজ প্রচারের বিষয়ে শ্রীযুত পাদরী লং সাহেবের জবানবন্দী----<sup>\*</sup>সাহেবানেরা আপন ধন ব্যয় করিয়া ও নিজে প্রি**শ্র**ম করিয়া এদেশের কত উন্নতি বৃদ্ধি ও প্রভাদিগকে সুথি রাখিতে পারেন তৎসম্বন্ধে নোরেলগঞ্জের মোরেল সাহেব-১৫ বৎসর আনে কি প্রকারে যশোহর-পূদেশে নীল আবাদ হইত এবং বর্ত্তমান সময়ে কি পূকারে খাজানা আদায় হয় তদ্বিষয়ে সুন্দরবনের ক্ষিম্যানর রিলি সাছেব-–আফিমের চাষের বিষয়ে গরার আফিনের এজেন্ট হলিং সাহেবের জবানবন্দী--জেলা নদীয়ার বৈর্ত্তমান অবভার বিষয় হারসেল সাহেব——নীলের চাষ আবাদ করিতে কি জ্ঞানো পুজারা বিৰূপ হইয়াছে এবং কি কারণে ভূন্যধিকারীরা ভাহাদের ভূমি নীলকরদিগকে পৃত্তনি ও ইম্বারা দেয় তদিষ্ধে জ্ঞাীদারান মুনসি লভাক্ত হোসেন, রানাগাটের বাবু জ্রীগোপাল পালচৌধুরী, বীরনগরের বাবুসন্তুনাথ মুখোপাধ্যার, জ্রীছরি রায়, বারু পুসন্ত্রনার ঠাকুর ষিনি অত্যস্ত ক্ষমতাপর ও বিদ্যান উকীল ছিলেন এবং ইদানিং ব্যবস্থাপক কৌলেনিযুক্ত আছেন, ঘশেহরের জমীদার বাবু হরনাথ রায়, হুগলি জেলার উত্তর পাড়ার বাবু জ্রুরুঞ্মুখে.-পাধ্যায় মৃষ্শয়দিগের জ্বানবন্দী এবং তদ্পরে হাসিয়ার লিখিত পুজাঁও গাতিদার পুভ**তির জ্ঞবানবন্দী বাহা**ে ভা**হারা**ঁ কি স্তন্যে নীলকরের বিরুদ্ধ ইইয়াছে এবং কি ২ পুকারে অত্যা-• চারগ্রন্থ হইয়াছে পুকাশ করিয়াছে; এই সকল জবানবন্দী আনরা পছক করিরা পাঠ করিয়াছি কারণ সাক্ষরা উত্তমকংপ

এবং বুন্ধির সহিত আনাদের জিল্ঞাস্য বিষয়ে উত্তর করিয়াছে। এবং যথার্থ সত্য কথা কহিয়াছে।

১৫ দকা। নীল কি পুকারে তৈয়ার হয় তদ্বিয়য়ে আমা-দের অভিপায় প্রকাশ করিবার পুর্বের উভয় পক্ষের অর্থাও নীলকরের পক্ষ ওতাহাদের বিপক্ষ লোকেরা যে২ প্রকার কর্ক করিয়াছে তাহা বাক্ত করা কর্ত্তবা হয়।

১७ मका । প্रথমতঃ—नीनकद्वत्र विशक्त वामित्रां कदह বে প্রজার। স্বেক্ছাপুর্বকে দটিন লয় না-বলপুর্বক তাছাদের উপর দাদন গতাইয়া দেয়, পূথম ছুই এক বৎসর পরে প্রফার। শাদনের টাকা কিছুই পার না এবং যদ্যপি ও পার ভবে সে অতি অস্প পরিমানে পায় কিন্তু তথাপি ও পুতি বৎসর তাহাদের নীলের জন্য চাষ ও বুনানি ও নিড়ানি ও কাটানি এবং ঢোলাই করিতে হয় এবং এই সক্ল কর্ম এমন সময়ে করিতে হয় যৎকালে স্থাধিন থাকিলে তাহারা নীল হইতে অধিক লাভের ফদলের চাস করিতে পারে, পুজারা যে সকল উত্তম উর্বারা জমী ধান এবং অন্যান্য লাভের ফসলের জন্য অত্যস্ত পরিশ্রম দারা চাস করিয়া আবাদের জন্য প্রস্তুত করিয়া রাখি-য়াছে অথবা তাহাদের অন্য উৎকৃষ্ট জ্ঞমি এমন সকল জ্ঞমি नीनकरत्रता रमधूर्क्क नीरमत छना मातका (मध्-- अपः मर्धर ষে সকল জমিতে অন্যান্য ফসলের বিচ ছড়ান হইয়াছে তাহা নাঙ্গল দিয়া নষ্ট করিয়া নীলের বিচ রোপন করে এই কারণের জনা নীলের চাষের পুতি প্জাদিপের বিরক্ত জ্ঞামে বিশেষ নীক পাত সকল বৎসরে সমান জনোনা তাহাতে নীলকরেরা প্রজা-দিগের যথার্থ পাওনা না দেওয়াতে তাহাদের হিসাবে প্রক্রা দিগের ক্ষধিক দেনা হয় এবং তজ্জন্য এক বাব্জি এক বৎসর নীল করিতে স্বীকার দ্ইয়া দাদন গ্রহণ করিলে কুঠির দেনা হইতে পুরুষাসুক্রমে মুক্ত হইতে পারে না অর্থাৎ পিতাং দাদন সইলে অভিবৃদ্ধ প্রপোত্রেরা ও সে ঋণ পরিশোধ করিতে পারে না—এবং যদাপি ও কোন °ন্যক্তি কোন উপায়েয় দ্বারা দাদনের ঋণ পরিশোধ করিতে চেষ্টা করে তাহা হইলে নীলকরেরা ভাহাকে ও তাহার পরিবারদিগকে ভাহা করিতে দেয়না—্এই বলপ্রবিদাদন দেওয়া ও কুঠির थान कहेट पूरू इटेटी ना पिल्हात सेन्द्र अ अधिक खू

কুঠির আমলারা নানা প্রকার অভ্যাচার করিয়া প্রজারা বে কিছু টাকা পায় তাহা হইতে ভাগ লয় এবং কুঠির ছোট ও নীচ চাকরের। প্রজাদিগের নিকট হইতে টাকা আদায় করিবার জন্য বলপুর্বাক এবং বিনা মূল্যে প্রজাদিগের বাঁসেও খড়ও বাগানের ফস অপহরণ করে, নাম্পলের বেগার ধরে এবং প্রজার গরুতে নীল তছ্রুপ করিয়াছে এই অছিলা क्तिया खदीमाना करत-अखाता नीनकरतत खवाधा ना इय তজ্জন্য ভাছাদের উপর বিপুল অত্যাচার ঘটনা হয় এবং এনন২ ঘটনা হইয়াছে যাহাতে ঐ অভিপ্রায়ে নীলকর এবং ভাহার চাকরেরা প্রজার ঘর জ্বালাইয়াদিয়াছে ভিটা মাটি উচ্ছন্ন করিয়া দিয়াছে, হাট বাজার কুটিয়া লইয়াছে, ভদ্রাভদ্র লোকদিগকে ঁবলপুর্বাক ধরিয়। লইরা গুম করিয়াছে, এবং তাহাদের नामाविध अञ्चकात घटत मुक्वाहेश ताबिबाह्न, এवः श्रुनित्मत ভয়ে এক কুঠী হইতে খন্য কুঠীতে এই প্রকারে নানা शास्त महेशा (वजाहेशारह, अवर मर्थार मिन हुई शहरत এবং প্রকাশ্য ৰূপে প্রজাদিগের স্ত্রীলোকের আব্রু ও জাতী নষ্ট করিয়াচছ—এই সকল কারণের জান্য সাংহেবদিগের প্রতি রাইয়তের ঘূণা জানায়াছে—ভদুভিন্ন নীলকরেরা জ্ঞানিদারদিলের জ্ঞানিদারির উপর হস্তক্ষেপন করেন এবং ভজ্ঞান্য প্রকাশু দাঙ্গা হেঙ্গামাও সর্বাদা বিবাদ ঘটি-য়া আদালত ও কৌঞ্জদারীতে অসংখ্য মোকদ্দমা ও নালিশ উপস্থিত ইইবার কারণ হয়—বেএলাকার প্রজার উপর অত্যা-চার করিয়া অথবা অন্য কোন ভুচ্ছ অছিলায় জ্ঞমীদারদিগের সহিত নীলকরেরা বিবাদ করিতে প্রস্তুত হয় — শুদ্ধা জমিদারের নিকট হইতে তাহার বিষয় পত্তনি বা ইঞ্জারা পাইবার মানষে এই সকল তাজজীনক বিবাদ উপস্থিত করেন কারণ নীলকরের। जात्न (व नौन अवाग क्रत्नोत ग्रांच প্रজानिरगत उपत ভাষাদের জমিদারী ক্ষমতা না থাকিলে এক দিনের জন্যে ও এত নীল করিতে পারে না—এ দেশস্থ পুলিশ অর্থাৎ यो अनाती थानात आमलाता अकर्यनीय, अञ्चाहात शक वाकि-দিগকে অত্যাচার হইতে ভাহারা রক্ষা করিতে পারে<sup>ক</sup>না অথবা করে না এবং জিলার মেজেটর ও জজ্পুপ্রভৃতি হাকীমান मारम्दर्ग मीनकत ও राष्ट्रामीत मेर्ट्या भाककृता छेनहिङ

क्केटन भाष छ। विहात नो कतिया नीनकदत्त शक्क शहर करतन अर्थाए नीजकरत मात्र कतिराज माजा भारा ना किल সে ব্যক্তি যদি কোন বাঙ্গালীর বিরুদ্ধে নালিশ করে তবে वीकानित्र भाखि निवात काना वह्विध छेशाय छिश करतन — काटज २ ङबिनादाता नीमकत्र সाट्ट्र महि**छ विवा**ट्ट পরাস্ত হইয়া তাহাদের জমিদারী ইজারা ও পত্তনি দিতে বাধ্য হইয়াছে কখন স্বেচ্ছাপুর্দ্মক দেয় না-এবং এই জ্বন্যে এই **(मटभंत अधिकाश्म खिमातो मार्ह्यमिट्रात इन्छन्ड इहेत्राट्ड—** বে সকল প্রজারা এই লভাষীন নীলের চাষে প্রবর্ত আছে তাश्राम्ब अवद्या श्रेटिक या मकल द्वारन नीरलंब हाथ नाहे দে সকল প্রজাদিণের অবস্থা উত্তম আছে—বঙ্গদেশের প্রজাদিগের অত্যন্ত সহা ও ধৈষ্য গুণ, তাহারা বহু কাল পর্যান্ত এই সকল অভ্যাচার নিজকৌ সহ্য করিয়া আসিয়াছে কিন্তু ক্রমশ অত্যাচার বৃদ্ধি হওয়াতে তাহারা আর সহা করিতে না পারিয়া বর্ত্তমান বংসরে এক কালে প্রকাশ্যৰূপে নীলকরের বিরুদ্ধ আচরণ করিতে প্রবর্ত্ত ইয়াছে——এই সকল অত্যাচারের কথা এবং প্রাক্লারা যে স্বেচ্ছাপূর্বক নীল করে না ভাষা জেলার মাকীনানেরা, অপরাপর সাহেবানেরা ও বাঙ্গালি ভদ্র ও বিদ্যান ব্যক্তিরা অবগত ছিলেন এবং এ বিষয় মধ্যে২ গ্রব্মেন্টকে ও তাহারা পত্রের দারা জ্ঞাত করিরাচেন, আরে তাহারা কছে যে যদাপি জমীদারদিগের ইজারা প্তনি দেওয়া না দেওয়া এবং প্রকাদিগের দাদন লওয়া নালওয়া আপন্ত স্বেচ্ছাধীন হইত তবে বে তারিখ হইতে ভাহারা স্বেচ্ছাধীনৰপে কৰ্ম করিতে ক্ষাবান হইত সেই তারিখ ছইতে নীলের চাষ অনেক ক্ম হইভ——অভএব উপরে।জ कार्तन जाना वर्डमान भीकाशास्त्र व्यथा धर्मा विक्रफा नाज ङ কর্ম্মের হানিকর এবং অত্যন্ত অপকৃষ্ট বলিতে ২ইবে।

১৭ দফা। উপরের অর্থাৎ ১৬ দফায় নীলকরের বিপক্ষ লোকেরা বে প্রকার তর্ক করেন তাহা লেথা হইও এই দফাতে তাহাদের পক্ষলোকেরা যে দকল হেতুবাদে তর্ক করেন তাহা লিখিছে হইবে—নীলকর এবং ভাহার বৃদ্ধারা কংহন যে নীলকর সাহেবেরা জমিদার হইয়া প্রজার প্রতি যে ক্ষাতা প্রকাশ করেন তাহা বৃদ্ধালি জমিদার হইতে, জনেক নরন

ও ঠাগু।---সাহেবেরা স্থদ্ধ নীল আবাদের স্থবিধার জন্য জ্মীদারী ক্রয়করে, জ্মীদার হইবার জন্যে নহে—নীলকরেরা কছে যে প্রজার। তাহাদের নিকট স্বেচ্ছাপুর্বাক দাদন গ্রহণ করে--এ অবস্থার ষদ্যপি নীলকরেরা নিশ্চয় জানিতে পারে যে প্রজারা দাদন লইয়া তাহাদের সহিত প্রবঞ্না না করিয়া যথার্থকপে কর্ম করিবে তাহা হইলে তাহাদের জনীদারী ইজারা অথবা পত্নী লওয়ার কোন আবশাক নাই; তাহা হয় না যে হেতৃক বাঙ্গালি জমীদারদিগের কি জ क्यबनाय श्रवाता वभी जुङ इहेशा जाहारमत मीम जावारमत প্রতি এত ব্যাঘাত ও হানি করে বে তাহারা কাবেই প্রজাদি-গের জমীদার হইয়া তাহাদের আপন কায়দায় রাখিতে বাধা হ্য়; জনীদারেরা ইহা জানিরা নীলকরের সহিত প্রজার বিবাদে ঘটাইয়া দেয় কার্ব্ব জনীদারেরা বিলক্ষণ বুঝিতে পারে যে প্রজার সহিত এই প্রকার নীলকরের বিবাদ উপস্থিত হইলে নীলকর তাহাদের নিকট পরামর্শ ও শহায়তা যাচঞা করিতে আসিবে এবং অতিরিক্ত পন এবং পেস্গি দিয়া পত্তনি অথবা ইজারা-লইতে স্বীকার করিবে--্যদ্যপি ও সাহেবেরা ইহা অবগত আছে যে যে জমায় জনীদারের নিকট হইতে ইজারা পত্তনি লইবেন তাহা কোন প্রকারে প্রজাদিগের কাছে আদায় হইবে না তথাপি নীলের স্থবিধার জন্য নোক্সান স্বীকার করিয়া তালুক করিতে বাধ্য হয়— নীলকরদিগের ধন বৃদ্ধি হওয়াতে তাহাদের প্রতি গবর্ণনেটের সিবিল কর্মচারিদিগেয় ছিংসা জ্ঞানিয়াছে এবং তজ্ঞান্য ভাঁহারা অর্থাৎ হাকীমান সাহেবেরা ভাহাদের কর্মের অনেক ক্ষতি করেন—তাহার কারণ এই ধেনীলকর সাহেবেরা মফঃসলৈ উপস্থিত থাকাতে হাকীমানেরা যাহা ইচ্ছা তাহা করিতে পারেন না, নীলকরদিগকে ভর করিরা চলিতে ইয় এই জানা গবর্ণমেন্ট এবং তাহার কর্মাচারিরা এ দেশ হইতে তাড়াইয়া দিতে যত্মবান হএন—নীলকরদিগের বিরুদ্ধে এই সকল ব্যাঘাত থাকাতে ও তাছারা জমীদার ও নীলকর হওয়া বিধায় দেশের যে, উপকার হইয়াছে তাহা मकन (मारक शोकात करत-नीमक (त्रत्यका) श्रका किरात उपत

পুলিশ আমলা ও মহাজ্ঞনেরা দৌরাত্ব জ্ঞমীদারেরা বাজে আদায় করিতে পারে না——প্রজাদিগের প্রতি দাতব্যতা প্রকাশ করিয়া নীলকরেরা পাঠশালা ও ইন্ধুল ও দাওয়াই-থানা স্থাপন করিয়াছে---- যদ্যপি ও শক্ত পটক্ষর লোকেরা কহে যে নীল আবাদ করিয়া প্রজাদিগের কিছু মাত্র লাভ হয় না বরং নোক্সান হয় সে কেবল রাইয়তের স্বভাব সিদ্ধ আলস্য প্রযুক্ত হয়, কারণ তাহারা পরিশুম করিতে চাহে না, সময় শীরে লাঙ্গল দেয়না ও নিড়ানি এবং অনা২ আবশ্যকীয় কন্ম করে না ভদ্ভিন্ন এবং কথন বৎসরের দোষে নীল অজনা হইয়া প্রজাদিগের লোকসান হয়—বিশেষ সকল দ্রব্যের মূল্য ব্দিন ইইয়াছে কিন্ত ছভাগ্যক্রমে নীলপাতের দাম পূর্বা অবস্থায় আছে—জমিদার তাহার প্রজাদের থাজানা বৃদ্ধি করিতেছে কিন্তু নীলকরের প্রজারা পূর্বামত অপ্রধাজানা আদার করে, তদ্ভিন্ন প্রজাদিগের গরু মরিয়া গেলে নতন গরু ক্রুয় করিতে এবং বর ঞ্লিয়া গেলে ভূতন বর তুলিতে ও এই প্রকার দায়ের कारन नीनकरत्रता প্रজामिशक विना स्ट्राम होको धात (नऱ---নীলকর যথন ঘোড়ায় চড়িয়া মাঠ দেখিতে গমন করে অথবা অ'প্ন বাটীতে কাছারী করে তথ্ন ছোট বুড় সকল প্রজারা ভাষার সহিত দেখা ও কথোপকথন করিতে পারে এবং কাছারো কোন নালিশ থাকিলে বিনা খরচে শীঘ্র ও যথার্থ বিচার পাইয়। থাকে——নীলকরের পরিশ্রমের ঘারা দেশের জঙ্গল পরিষ্কার হইয়া গিয়াছে ও প্রেজ। বৃদ্ধি হইয়াছে এবং প্রজানিমের পূর্ব্ব হইতে এইক্লে বড়ং বাদী ও ভাল কাপড় এবং অধিক গরুইত্যাদি পশুইইরাছে এই সকল ফার্নে প্রজাদিগের উন্নতি হইয়াছে এবং অপ্রাপ্র लाक सूर्य ও निक्राप्तरक चाइ्-जर्द नीलकरतत ख কিঞ্চিৎ দোষ আছে বলিয়া লোকে কহে তাহা কেবল টেসায় পড়িয়া হইয়াছে, এদেশের পুলিশ আনলারা অসভ ও আদালতের দর ছুর, এবং আইনের প্রথা বড় পেচাও এবং শীজ বিচার সমাধা হয় না, জমিদারেরা পর ধন হরা এবং অত্যাচারি, এবং প্রজাদিগের প্রতি সাহেবেরা বহুবিধ অনুগ্রহ প্রকাশ করা স্বত্তোহারা ও অলস এবং অবিশ্বাসী ও পরিশ্রম করিতে নারাজ এবং ভাষ্ঠাদের আলস্প্রযুক্ত সাংহ্যেরা নিজে विश्व मिर्टिश मार्टिश वहिवध क्रिम कित्र में कित्र में कित्र कित्र में विश्व कित्र क

১৮ দকা।—উভয়পকের কথা আমরা বিশেষ করিয়া উপরে লিখিলাম পরে এই ছই পকের কথায় কভছঃর বিশ্বাস করা কর্ত্তব্য ভাহা আমরা প্রভাৎ লিখিলাম।

১৯ দকা।—সম্প্রতি এই স্থলে জীযুত গবর্নর সাহেবের জ্বাতার্থে নীলের আবাদ কি২ প্রকারে হয় তাহা লিখিলাম।

২০ দকা :—নীল ছুই প্রকারে আবাদ হয়, নিজ আবাদ ও রাইয়ভী—যে সকল জনিতে কুঠির দখলী স্বত্ব আছে সেই সকল জনিতে কুঠির দখলী স্বত্ব আছে সেই সকল জনিতে কুঠির নিজ লালল ও গরু ও চাক্রানের দারা যে চাম হয় ভাহাকে নিজ আবাদ কহে—মধে২ কুঠির লাললে কর্ম সনাধা না হইলে প্রজাদিগের লালল ও মজুর বাজার দরে ভাড়া করিয়া আনিয়া থাকে—নিজ আবাদ ছুই প্রকার জনীতে হুইয়া থাকে, চরের জনি ও উঁচা ভিটা জনি।

২১ দকা।—রাইয়তী চাবে প্রজার। কুঠি হইতে দাদন
লইয়া আপন২ জনিতে ও আপন২ খরচে নীল আবাদ করে
—রাইয়তী চ্যাবের মধ্যে ও ছই:প্রকার আছে তর্থাৎ এলাকা।
ও বেএলাকা।

২২ দকা।—নিজ আবাদ ওরাই য়তি চাষের পরিমাণ সকল।
কুঠিতে সমান নহে—আমরা ঠিক করিয়াছি বৈ কোন২
কুঠিতে ২০০০ বিদা নিজ অ্যবাদ।কিছ ১০০০০। ১২০০০
বিদা, রাইয়তী এবং কোন্থ কুঠিতে ১২ আন জাম নিজ

আবাদে চলে—এমন কুঠিও আছে যাহাতে রাইয়তী ও দাদনী চাষ এককালে নাই সুদ্ধ নিজ আবাদে নীল জ্বানা।

२८ मको। य कू ठिए यथ्थे वनम ७ नामन ७ वृना मजूदात मरश्र आह् जराह ज्था मिक जावाम हाम सहस्म निर्दार्ष ह्य-लार्जिक मारम नमीत ज्ञन नाविया (गरम जिज्ञा अन्य महित भागि का मजूदात राज्ज कि नाविया (गरम जिज्ञा अन्य महित भागि का मजूदात राज्ज कि नाविया (गरम जिज्ञा अन्य माहित म्ह्य अर्थ का नाविया विक्वा वाहित हरेल का हात मय भर्य छ का मय भर्य छ का मय अर्थ का नाविया वाहित का निर्ज वाहित वाहित का वाहित का

২৫ দক।। লাসল ভাড়া লওয়া ভিন্ন নিজ আবাদ চাসে
ভার কোন আপত্ত জন্মে না—জনি অথবা জনির সীমানা লইয়া
মে কিছু বিবাদ উপস্থিত হয় তাহা নীলের সহিত সম্পর্ক রাথে না—এই নিজ আনাদ চাসে দাদন দেওয়া লওয়ার প্রথা নাই এবং প্রজাদিধার চাষ কর্মা তদারক করিবার আবশাক করে না—এবং এই চাখে ফদল কম হউক বা বেসি হউক তাহার লাভ নোকসানে নীলকর ভিন্ন প্রজার কোন সম্বন্ধ নাই।

২৬ দকা।—রাইয়তি চাবে সর্মাণ বিবাদ হয় বিধায় তাহা পরিত্যাগ করিয়া এই বিবাদ শুন্য নিজ্ঞ আবাদ চাস সকল নীলকরকে করিতে আমরা অমুরোধ করিতাম কিন্তু নীচের লিখিত কারণ জ্বন্য তাহা হইতে পারে না।

२१ मका।—वादाभाज नमीया ७ वर्गाश्त श्राज्ञि स्त्रनाय অধিক লোকের বসতি আছে তজ্জন্য এই সকল স্থানে অধিক পতিভ জমী পাওয়ার সম্ভব নহে—যে সকল চড়া আছে তাহার योनिक चाह्य कारक्षरे जांश পाउम्रा कठिन এवः উक्र क्रमी এक চাদরে না পাইলে ভাষাতে আপ্ন লাকল দারা চাষ করিতে হইলে লাভ হয়না—বহুকালোর চেষ্টায় এক জন নীলকর গ্রামের **ठ**जूम्लार्ट्स ज्यानक ज्या निक जावारम्य खना क्या कतिर् भाद्र किन्छ यनाभि ১·,··• कि ১२,··• विश स्त्रमो এक **ठामरत ना रहे**श अज्ञ विश्व वर्षा अर्था अर्थ नार्क ১० वना মাঠে ৫০ উত্তরে ১০০ পুর্বা দিগে ৫০০ এই প্রকার স্থানে২ ৰিস্তীৰ্ণ হইয়া থাকে ভবে তাছাতে চৈত্ৰ মাসে নি**জ** আবাদ বুনানি করা অসাধ্য হয়, কারণ বৃষ্টি সকল সময়ে হয় না এবং উপযুক্ত বৃষ্টি হইলে পর তাহার তিন চারি দিবসের মধ্যে বুনানি সমাধা না করিলে নয়, কিন্ত এই অপ্প কালের মধ্যে ১০। ১২ হাজার বিঘা খণ্ড জমীর বুনানি শেষ করিতে ষে পরিমাণে লাঙ্গল গরু ও মজুর আবশ্যক হয় তাহা এক ব্যক্তির থাকা সম্ভব নহে, প্রজারা আপন২জমী আবাদ করে, অবগভ হওয়াগিয়াছে যে মোলাহাটি কানসারণে ছই তিন ব্ কিতে এই প্রকারে ২৫ হাঁজার বিঘা জমী বুন নি হইয়া যায়—— ত্রিহট অঞ্লে সীতকালে সমুদ্য মাটি নরম ও চাদের উপযুক্ত থাকে এই জুন্যে তথায় বৃষ্টি না হইলে ও ফাস্কুণ চৈত্ৰ মাসে অনায়াসে বুনানি করিতে পারে বরং সে সময় বৃষ্টি হইলে চারার প্রতি ব্যাঘাত হয়—পশ্চিম অঞ্লে বৃষ্টির আবশ্যক রাথে না যে হেতুক ভাহারা মাঠে ছেঁচা জল আনিতে পারে ৷

২৮ দখা।—আমরা অবগত **ই**ইরাছি যে ১০। ১২

হাজার বিঘা জমীর চাস আবাদ ও তাহাতে যে নীলের গাচ হয় তঃহার নীল তৈয়ারিতে ৫০।৬০ হাজার টাকা বায় হইয়া প্রায় দুই লক্ষ টাকার মাল জন্মে।

২৮ দকা ।—নীল কাটা ইইয়াগেলে পর সেই সকল জমীতে বদাপি থক্দ বুনানি না হয় ভবে নিজ আবাদের সকল থরচ মায় জমির থাজানা নীলের উপর পড়ভা হয়—কিন্ত প্রজারা থক্দ বুনানি করিলে তাহারা জমির থাজানার ভাগাদেয়।

৩ • দফা।—জেলা বর্জমানের কালনার কুঠী ও মুরসিদাবাদের রামনগরের কুঠীতে যে পরিমানে নিজ আবাদের চাস
আছে অন্য স্থানে তাহা হইবার সন্তাবনা নাই—বাঙ্গালা
প্রেদেশের পূর্ব্ব অঞ্চলে জঙ্গল পরিষ্কার করিয়া যত ইচ্ছা
জনী পাওয়া যাইতে পারে কিন্ত অজুরের অভাবে সে সকল
স্থানে নিজ আবাদের স্থবিদা হয় না।

৩১ দফা।—নিজ আবাদের বিষয় উপরে লিখিত হইল এইক্ষণে রাইয়তি চাসের বিষয় বিচার করিতে হইবে---বাঙ্গালাদেশে খোদখাস্তা ও পাইখাস্তা এই ছুই প্রকার প্রজা আছে—নীল চাষ করিবার জন্য প্রজারা ১ বৎসর বা ৩ ও·৫ অথবা ১০ বৎসরের জন্যে চুক্তি করে-কুঠীর লোকেরা ষে জেমী পছন্দ করিবে সেই জমিতে চাস প্রস্তুত করিয়া নীল বিচ বুনানি করিয়া দিবে ও নীলের চারা বাহির হইলে मिर समी निज़ानि 'अ नीलात शाह कारिया कूठी एक छालारे করিয়া দেওন জন্য ফি বিঘাতে ২ টাকার হিসাবে আক্টোবর ও নবেম্বর নাসে প্রজারা দাদন লইরা থাকে—প্রজারা কুঠিতে নীলের গাচ লইয়া গেলে কতকগুলী গাচ একতা করিয়া ৪ ছাত नम्रा এक मिकरनत माग्रा मां परहेशा थारक, जाहारक वाश्विम বলে এবং প্রত্যেক প্রজা এই সাপে কত বাণ্ডিল দাখিল क्तित्वक जाहात এक त्रजीन शास-नीव टेज्याती मुमा स इहेटव পর আগষ্ট অথবা সেপ্তেম্বর মাসে কুঠীতে হিসাব তৈয়ার হইলে মাকটোবর মাসে প্রজারা কুঠীতে উপস্থিত হইয়া দেনা পাওয়ানা 'মোকাবেলা করিয়া নিষ্পান্ত করে---- ২ টাকার হিসাবে প্ৰজা যত টাকা দাদন পায় তাহা ও যে ইষ্টাম্প কাগজে চুক্তিনামা লেখা হয় ভাছার মূল্য এবং ফি বিষায় 🗠 চারি আনা

হিসাবে নীল বিচের দাম, ও মাঠ হইতে কুঠিতে নীল ঢোলাই করিতে যে গাড়ি ভাড়া বায় হয় ভাষা এবং প্রজার পূর্বা वरमदात्र (व् টोका लहन। वाको এই मकल এकত कतिया প্রজার নামে খরচ লেখা যায়-এবং প্রাজা যে কয় বাণ্ডিল নীল পাত দাখিল করিরা থাকে তাহা হিসাব করিয়া সেই মূল্য তাহার নামাজমা হয়—এই জমা থরচ নিলাইয়া ষদ্যপি প্রজার ফাজিল পাওয়ানা হয়ু তবে তৎক্ণাৎ তাহাকে নগদ টাকা দেওয়া হয়, কিন্তু প্রজা হিসাবে দেনদার **रुहेटल जानामी वरमदात ठाटमत जना य जानम मानन পाहेटव** ভাষা তাহার দেনা হইতে পরিশোধ হয় যথ। পাচ বিঘার চাষ থাকিলে যদ্যপি প্রজা ৪ টাকা দেনদার হয় তবে তবে সে বৎসর সে ব্যক্তি ৬ ছয় টাকার অধিক পায় না----ষে প্রজ্ঞার হিসাবে অধিকু দেনা থাকে সে ব্যক্তি নৃতন দাদন স্বৰূপ টাকা পায় না কিউ কখন২ নীলকরেরা এমন দায়গ্রন্থ প্রজার প্রতি ক্রপা করিয়া স্বতম্ভ কজ্জ বাবদে কিছু টাকা দেয় অথবা ভাহার দেনার কিয়দংশ অথবা সমুচয় নাফ করে —কোন্থ স্থানে নীলকর সাহেবেরদের মেজাজের বিভিন্ন-ভাষ্ উপরোক্ত প্রথার কিছু ইতর বিশেষ হয় কিন্তু প্রায় সকল স্থানেই উলিখিত প্রণালিত রাইয়তি চাস চলিয়া থাকে— গড় পড়তা হিসাবে ১ বিঘা জানীতে ১০। ১২ বাঞ্চিল নীল জামে এবং এক হাজার বান্ডিলে ৫ পাচ মোন মাল হয়।

৩২ দকা।—কোন২ সাক্ষির জ্বানবন্দীতে প্রকাশ ইইরাছে যে সংখর দাদন নামক নীল আবাদের আর এক প্রকার প্রথা আছে—এই প্রথাত্মসারে প্রকাতে দাদন পার কিন্ত বিচের দান ও কাটাই ও ঢোলাই থরচ তাহাকে দিতে হুয় না—প্রজা কেবল নাজ চাস ও বুনানি কব্লিয়া দেয় এবং ফি টাকায় ৪ অথবা ও বান্তিল পাতির হিসাবে মজুরা পায়—তদ্ভিম আর এক প্রকার আছে যাহাতে প্রজা এক কালে দাদন লয় না কিন্ত কুঠি ইইতে বিঘায়। ০ চারি আনা হিসাবে নীলের কিচ ক্রেয় করিয়া লইয়া যায় এবং আপন থরচে চাস আবাদ করে—
কিন্ত এই ছই প্রথা অভি অপা পরিমানে চলিত আছেছ।

৩৩ দকা।—সাক্ষিদিধের জ্বানবৃন্দীতে ইহাও প্রকাশ হই-য়াছে যে রস্থুর জেলাতে প্রজার) অন্যান্য বালিজ্য ও চাসের ন্যায় নীল পাত জন্মাইয়া পূর্বে কুঠির সহিত কোণ চুক্তি না করিয়া বাজার দানে পাতি কুঠিতে বিক্রয় করে— এই প্রকারে লক্ষ্য বাণ্ডিল নীল ৪ বাণ্ডিলের হিসাবে প্রতি বংসর বিক্রয় হয়—এস্থলে দাদন দেওয়ার স্থাবিদা নাই কারণ এক প্রজা এক কুঠির দাদন লইয়া নীলপাত তৈয়ার হইলে পর অন্য কুঠিতে অনায়াসে বিক্রয় করিতে পারে।

৩৪ দফা।—ত্রিষ্ট অঞ্চলে স্বতন্ত্র প্রথায় নীলের চাস অাবাদ হয়—এ প্রেদেশের তিন বিঘা জ্বমীতে তথাকার এক বিঘ। মাপ হয় এবং প্রক্রারা ঐ মাপের প্রত্যেক বিঘা জমীতে নীলআবাদ করিবার জন্য ওতিন টাকা করিয়া দাদন পায় তশ্বধ্যে বরিষা কালে ছুই টাকা এবৎ বুনানির সময় এক টাকা পায়—বঙ্গদেশের ন্যায় ত্রিহটে কুঠির লোকেরা জনী পছন্দ ও চাষ তদারক করিয়া লইয়া খাকে, কিন্ত প্রজারা এখানে দাদনের হিসাবে যে প্রকার কুঠির খাতায় ঋণগ্রন্থ হয় তথায় তাহা হয় না—ত্রিহটে প্রত্যেক প্রজার মোট ফদলের উপরে দাম ধার্য্য হয়—যদাপি বিচ বুনা হইলে পর এক কালে অজন্মা হয় তবে প্রজা তাহার মেহনতের দান ওজমির খাজানা-স্বৰূপ আর এক টাকা পায় কিন্তু ফসল হইলে দাদন ভিন্ন মোট তিন টাকা ছয় আনার অধিক পায় না অতএব ইহার দারা বোধ হইতেছে বে ত্রিহটের প্রজারা কোন প্রকারে কুঠির হিসাবে ঋণ গ্রস্থ হয় না করেণ প্রজার জমীতে একটি নীলের গাচ না क्टरन ७ 8 होकात कम भाग ना किन्छ छै<कृष्टै कमन क्टरन ७॥</p> ছয় টাকা দশ আনার অধিক পায় না--আমরা জ্ঞাত হইলাম ্যে এবৎসর সে দেশে কুঠিওয়ালারা নীলপাতের দাম ব্দ্বি করিয়াছেন।

তি দকা।—আলাহানাদ এবং উত্তর পণ্চিম অঞ্চলে যে প্রকারে নীলের চাষ হব তাহা সপ্তর্ম সাহেবের জ্বানবদীতে বিসক্ষণৰূপে ব্যক্ত হইয়াছে—ইংরাজদিগের রাজ্য হইখার প্রবি অবধি আলিগড় মথুরা এবং ফরাকাবাদ প্রভৃতি প্রদেশে নীল তৈয়ার হইত কিন্ত তাহাতে ভাল মাল জ্বন্মিত না—জ্মীদার এবং ধনাড্য চাসি ব্যক্তিরা কুঠি হইতে নীলপাতের কন্ট্যক্ট লইয়া আপনারা ছোট্য চাষার ঘারা পাত জন্মাইয়া

ক্টিভে দাখিল করিয়া দিত ইহাতে কুঠিওয়ালাদিগের চাব কিয়া অন্যান্য বিষয় ভদারক করিতে হইত না।

৩৬ দকা।—অতি সভাবাদী সাক্ষিদিগের সাক্ষ বাকোর প্রতি নির্ভর করিয়া ভারতবর্ষে বে কয় প্রকারে নীলের চার আবাদ হয় তাহা আমরা সিধিসাম।

৩৭ দফা।—এই তদারক সম্বন্ধে নানা ব্যক্তিরদাথিলি যে সকল দলীল পাওয়া গিয়াছে তম্মধ্যে কয়েকখানা গ্রের্নর সাহেবের পাঠার্থে দাখিল করিতেছি।

৩৮ দকা।—সাকিদিগের জ্বানবন্দী ও দলীল দৃষ্টে যে সকল বিষয়ের উপর বিবেচনা করিয়া আমাদের অভিপ্রায় প্রকাশ করিতে ২ইবে তাহা নীচের লিখিত ভিন ভাগে বিভক্ত করিসাম।

১ প্রথম নীলকর এবং ভাছারা যে প্রথায় নীল ভৈয়ার করেন সেই প্রথার পু্তি যে সকল তহমৎ দেওয়া ছইরাছে ভাহাসভাকি মিধ্যা—

২ দিভীয়। নীসকর এবং প্রেঞ্জার যে বর্ত্তমান সম্বন্ধ আছে তাহা নীলকুঠির অধ্যক্ষদিগের দ্বারা বে প্রেকারে পরিবর্ত্তন করা কন্তব্য---

ততীর। গ্রণমেন্টের কর্মচারিদিগের দ্বারা আইন ও রাজসাধনের যে কিছু নিয়ন পরিবর্ত্তন করা কর্ত্তব'—

৩৯ দকা:—উক্ত তিন বিষয়ের মধে। নীলকরদিদের
চরিত্রের কথা আমরা প্রথমে বিবেচনা করিব কিন্তু আমরা
অত্যম তৃঃপের সহিত দেখিতেছি যে নীলকর এবং
তাহার বিপক্ষ দলের। উভয়ে ক্ষমর্থক রাগান্ধ হইয়াছেন
এবং উভয়কে উভয় মল, কহিয়াছেন—এয়লে আমরা এই
ভরসা করি যে আমাদের পরিশ্রমের দারা উভয়ের আপত্ত
নীমাংশা হইবা উংরাজ ও বাঙ্গালির মধ্যে জাত্যাভিমানের
কারণে যে বিপুল বিবাদ ঘটনা হইয়া থাকে তাহার অনেক
হায় হইবে—৩৮ দক্ষার প্রস্তাব আমরা কিন ভাগ করিয়াছি
তাহার প্রথম ভাগ অর্থাৎ নীলকরের উপর যে তহ্মত হইয়াছে
তাহার প্রথম ভাগ অর্থাৎ নীলকরের উপর যে তহ্মত হইয়াছে
তাহার সত্যাসত্যের বিষয় বিবেচনা করিতে নীচের লিখিত
করেক বিষয় বিবেচনা করিতে হইবেক।

১ প্রথম: দেশস্ত জনীদারদিগের সহিত নীলকরের কি ব্যবহার এবং ভাহারা কি প্রকারে ভূনাগিকারী হয়।

২ দ্বিতীয়: নীলকর সাহেবেরী নীল তৈরারকারক ও জানীদার হইয়া প্রজ্ঞার চাষ ও খাজানা সম্পর্কে কি প্রকার ব্যবহার করে:

ও ভ্তীয় : নীলকর ও তাহার চাকরদিলের দার। কুকর্ম ও অভ্যাচারের বিষয়।

৪ চতুর্থ। পুলীষ আমলা ও ছাকীমানেরা নীলকরের প্রতিষে ৰূপ ব্যবহার করে।

৫ পঞ্ম। পাদরিদিধের ব্যবহার এবং বর্তমান বংসরে প্রজারো যে নীল বিদ্রোহী হইয়াছে ভাহার কারণ।

8 - मकः . — अभोनांद्रनिरशत मृश्ठि भोनगरतत वावशास्त्रत কথা লিখিতে হুইলে ইহা কেহ অস্বীকার করিতে পারিবেন না যে নীলকরেরা ক্রমণ জমীদারি ও তালুকদারি ও পত্তনিদারি ও ছরিএক মিয়াদের ইজারদারী স্বত্ব অধিকার করিয়াছেন— প্রায় সকল কৃঠিতে প্রথমে বেএলাকার রাইয়তের দারা চাস इकेड अर्थार जिल्ल कारीमात्रित श्रकामिशक मामन मिया नीत्मत কর্মা আরম্ভ কইরাছিল ইহাতে আমরা কোন আপত্ত এবং দোষ দেখিনা ক্রণ বেং কোন প্র**জা হউক তাহার সহিত আপন** কর্মের জনা চুজি এবং বন্দ্যোবস্ত করিতে অপরংপর ব্যক্তির ন্যায় নীলকরের সম্পূর্ণ ক্ষমতা আছে এবং আইনে অথবা দেশের চলিত প্রথায় এমন কোন নিয়ম নাই যে প্রজার সহিত চাষ আবাদ অথবা অনা প্রকার কর্মের চুক্তি করিতে হইলে তাহার জনীদারকে তৃতীয় ব্যক্তির ন্যায় মধ্যবর্জি রাখিতে ইইবে এবং জমিদারের ও এমন কোন স্বত্ব অথবা ক্ষমতা নাই যে প্রভারা স্বেচ্চাধীন এবং যথার্থপক্ষে কোন এক লাভের কর্ম্মে প্রবর্ত इटेटन छाहाता अर्थाए जनीमास्त उपिषस्य कार्न श्रकास ইস্তক্ষেপন করিছে কিথা লাভের ভাগী হইতৈ পারেন— -সামান্যত যে পর্যান্ত জনীদার তাহার প্রজার নিকটে **য**পার্থ ধার্মানা 'পান সে পর্যান্ত প্রেক্সায় তাহার জ্মীতে কি कप्रतात हास करत ज्विसर्व जिनि नफ এवः इस्टक्क्यन করেন না ,এবং ভাছা করাও উচিত হয় না কিন্তু আমরা জানি যে যে সকল জ্বীড়ে অভিরিক লাভের কসল লামে

ভাষার খাজানা জনীদারেরা অন্য জনী অপেক। অধিক করিয়া লইয়া থাকেন এবং প্রজারা ও বিনা ওজারে ভাষা আদায় করে।

४ मका।—किन्तुयाश्वा मकः मत्म वागकत्वन जाश्वा अव-শাই ইহা বুঝিতে পারেন যে নীলকর ও প্রজাতে যে বন্দ্যোবস্ত হয় ভাহাতে বিবাদের একটি বিলক্ষণ কারণ ঘটিয়া খাকে— কারণ জনীদারের অনুমতি না লইয়া তাহার প্রজার সহিত কারবার করিতে প্রবর্ত হইলে জনীদার আপন ক্ষমতা ও পদের **অহ্স্বারে মত্ত হ্ইয়া নীলকরের উপরে নারাজ্ঞ হ্ইতে পারে** অথবা কোন কারণবসভ নীলকরের চাকরের হস্তে জ্মীদারের চাকরেরা অভ্যাচারগ্রন্থ বিবেচনা করিয়া স্বভাবত আপন জ্মীণারের সহায়তা এবং আতার লইতে যায়—অথবা প্রজা এবং নীলকরে বিবাদ উপস্থিত হইলে প্রজাকে জনীদার রক্ষা করিবে এই ভরসায় প্রজাদানন লইবার সময় কোন আপত্ত না করিয়া বুনানির কালে বুনানি করিতে অস্বীকার ও নারাজ্ঞ ছইতে পারে—ও জমীদার চক্রান্ত করিয়া নীলকরকে ই**জার**া লইতে বাধ্য করিতে ইচ্ছা করেন এবং নীলকর ও এমন বিবেচনা করিতে পারে য়ে প্রজার উপরে তাহার তালুকদারী অথবা অমীদারী ক্ষমতা না হইলে তাহার আর উপায় নাই কারৰ প্রজারা দাদন লইয়া কর্মানা করিলেবদ্যপি আদালতে মোকন্দমা করিয়া বহুকাল পরে ডিক্রী পাইডে পারেন তথাপি তাহাতে তাহার নীলের কোন উপকার হয় না—এই সকলকারণের নধ্যে যে কোন কারণ উপস্থিত হউক তাহা মীমাংসা করিবার কেবল এক মাত্র উপায় আছে।

৪২ দকা। — এই অবস্থার নীস্তুকর ও জ্ঞমীদার উভয়ে আপশ নিষ্পত্তির প্রস্তাব আরম্ভ করেন, তাহাতে জ্ঞমীদার পত্তনির জন্যে যে পন অথবা ইজ্ঞারদারির জন্যে যে পেষপি চাহেন তাহী নীলকর দিতে ক্ষমবান হইবেন কি না এবং জ্ঞমীদারকে যে থাজানা দিতে হইবে তাহা প্রজ্ঞাদিগের নিকট আদায় করিতে পারিবেন কি না এই ছই বিষয় বিবেচনী ভিন্ন নীলকরের পক্ষে আর কিছুই কৃঠিন দেখা যায় না।

৪৩ দক।।—শীলকর ও অন্যান। সাহেব ধনীদিগকেবালালি জনীদারের। বাধা দেয় এবং ভাষাদের কথেঁর পুতি হানি

করে বলিয়া অনেকে উলেখকরিয়াছে কিন্তু এ বিষয়ে আমর। যে সাক্ষ্য বাক্য পাইয়াছি তাহাতে ক্ষষ্ট প্রকাশ হইতেছে যে কেবল টাকার বিষয় নিষ্পাত করিবার গোলযোগ ভিন্ন জ্ঞমীদার এবং নীলকরের মধ্যে জার কোন প্রকারে জাপ্ত ক্লন্মে না— এক জন অত্যস্ত পারদর্শি জমীদার শ্রীযুত বাব জায়ক্ক মুখ্যাপাধ্যায় ভাহার জবানবদীতে প্রকাশ করিয়াছেন বে তিনি তাহার জমীদারী ইজার। অথবা পত্তনি দিতে অতাস্ত নারাজ কিন্তু তাহার কার। এই যে তিনি ডাঁহার জ্বনীদারির কর্ম স্বয়ং নির্কাহ করিতে অত্যস্ত ভাল বাদেন এবং বিশেষ ভাহার জ্ঞানারীতে অতি জ্বম্প নীল জ্ঞাে—বিখ্যাত প্রসন্ধ-কুমার ঠাকুব বার ও ঐ প্রকার অভিপ্রার প্রকাশ করিরাছেন কিন্তু তিনি বিবেচন। করেন যে ক্লেনিক বাঙ্গালি জামীলারের। জালশা ও অত্তাপ্রযুক্ত এবং কথনো২ ঋণগ্রও ছইয়া তাম্যাদর বিশ্ব ইজারা ও প্তনি দিয়া নিশ্চিন্ত এবং কর্মা কার্জের কগাট হইতে অবশর হুইয়া বাহ্না আংয়ের দার। কলিকাতা অথবা অন্য কোন সহরে স্বচ্ছন্দেকাল্যাপন করিতে ভাল বাসেন কিন্তু আৰু এক জন জমীলার কহিয়াছেন যে নীলকর ভাষার নিকট ইজারা কইবে এই মানসে ভাষার সহিত প্রথমে বিবাদ উপস্থিত করিয়াছিলেন ও তাহার কারবারের পুতি বাধা দিনা ছিলেন—বাবু জীগোপাল পালচৌধুরী, ह्त्रनाथ ताय, व्यावकृष्य भाग अर खन्याना क्रमीनादत व्यकाम করিয়াছেন যে যদ,পি ইঞারা অথবা প্রতিন দিতে তাহাদের মান্য ছিল না তথাাপ বিবাদ ও ছাকীমদিগকে নারাজ্ঞ করিবার ভ্রয়ে ও অন্যান্যক্রপে অপমান হওয়ার আশধ্যয় নাচার হুইয়া ইজারা প্রনি দিয়াছেন—জ্মীদার খুন্সী লতাফত হোসেন বিলক্ষণকপে প্রমাণ করিয়াছেন যে ভাঁহার সহিত এক জন নীলকুঠির নালিকের সর্মণা বিবাদ হওয়াতে নাজেট্রেট সাহেব সন ১৮৫১ সালে ভাহার প্রতি একটি হকুননামা জ্ঞারী করেন ভদ্বারা স্পাঠ বোধ হইতেছে যে জ্ঞানীদারকে নীলকরের সহিত আপস নিষ্পত্তি করিতে তিনি ভয় দর্শাইয়া পর। মর্শ দিয়া ছিলেন।

88 দফা। ন-বিজয়গোকিক চৌধুরী নামক পাবনার এক জন জমীদার কছিয়াছেন যে ভিনি নীলকরদিগকে বে ভিন বার

৪৫ দফা।—তথাপি মধোহ যে ব্যাদাত জমীলারেরা করে এবং ইজারার জন্য অনিরিক্ত জনা চাছে এবং অন্যান্য প্রকারে আপত্ত উপস্থিত করে তাঁহা কেহ অস্বীকার করিতে পারে না ়কোবরণ সাহেব আমাদের জ্ঞাত করিয়াছেন যে একথানা গ্রামের চারি অংশীদার ছিল তম্মধ্যে তিনি তিন জনের নিকট হইতে ইঞ্চারা পাইয়াও চতুর্থ ব্যক্তির আপত্তির জন্য তিনি তাহার তিন ইজারার অংশ দখলকরিতে, পারেননাই-কাটগড়া কানসারা-ণেরমালিক ঐ কানসারানের জ্বন্য ৫০০০ টাকা বার্ষিক জ্বমা নোকসান স্থীকার করিয়া এক ইজারা লইতে বাধ্য হইয়াছিলেন —ফরলাং সাহেব প্রকাশ করিরাছেন যে ১২,৮০০ হাজার টাকার একমহালে তিনি ৮ আট হাজার টাকা পেসগীও ১৫৮০ টাকা জনা নোকসান স্বীকার করিয়া ইজারা লইয়াছেন— নীলকরেরা কহে যে নীল তৈয়ারিতে তাহাদের আসল লভা হয় কিন্তু ভাহারা যে জমীদারী স্বত্ম করে ভাহা জমীদার হওন মানসে করেন না সুদ্ধ নীল তৈয়ারির কর্মে কেছুব্যাঘাত না করিতে পারে এই অভিপ্রায় ইজারা পত্তনি লইয়া থাকেন —কিন্তু নীলকরের। কহেন যে তাহার। থাঞানা বৃত্তি অথবা ইজারদাক্ষিবাব আদার করেন না অতএব প্রজারা জ্বমা ব্জিও বা জ আবওজীব হইতে নাপ পাং—যদ্যপিও আমাদের সন্দেহ• नाहे य व्यानक द्यारन श्रक्तानिशात এहे श्रवकात स्विधा व्याह-, কিন্তু একথা আমরী সম্পূর্ণ বিশ্বাস করিতে পারি না কারণলার-নোর সাহেব স্বীকার করিয়াছেন যে পত্নী লইয়া তিনি कदी श क्यावनी कदिश शास्त्र अवः आयादित २०१४ मः शाद इ इयौरमद अवाद जिनि कहियार इन य किणाना रे जे शदा এक

আনা এবং কোন্থ স্থানে আদ আনার হিসাবে প্রজাদিণের নিকটে ইজারদারী বাব আদায় করিয়াছেন।

৪৭ দকা। কখনো এনন অবস্থাও ঘটিয়াছে যে জনীদার অলশপ্রযুক্ত অথবা ঋণগ্রন্থ হইয়া টাকা পাইবার আশায় অথবা শরিকী বিবাদে বিপক্ষদিগকে পরাস্ত করিবার জন্য নীলকর সাহেবের সহায়তা পাইবার নানবে জনীদারী ইজারাও পত্তনি দিয়াছেন—বেং জনীদার ইজারা পত্তনি দিতে নারাজ্ঞ আছেন তাহারা নীলের ব্যাঘাত করিবার মানসে যে অনিচ্ছ ক হয়েন এনত নহে সুদ্ধ ইজারা দিলে প্রজা ফেরার হইরা জনীদারীর ক্ষতি হইবে এই আশক্ষায় আপন বিষয় হস্তান্তর করেন ন —কিন্তু যে কোন কার্গ্র্যুত্ত হউক সচ্রাচর ইহা দেখা যায় যে পরিনানে জনীদার নীলকরকে ইজারা প্তনি দিতে সন্মত হইয়া থাকেন।

(षष्ठाश्चर्यक महेक अवर मामन नीतमत ठातमहरू अवर जन्निम् ह ভाল প্রজারা দাদন লইতে এইক্ষণকার নাায় এত অনিচ্ছক इन ना-नातरमात **मार्ट्स करियारइन स्य स्मानारा**ष्टि কুঠির এলাকায় গত তিন বৎসরের নধ্যে প্রত্যেক বৎসরে e.. भड कतिया नीटनत गिष वृक्ति इरेबाट्ड किन्ड रेशा ও প্রকাশ হইয়াছে যে পুর্বের তথার ৪৩০০০ হাজার বিঘা नीरमत हाम इरें किन्छ এरेक्ट्र २००० विवाद काधिक नर्ह— १৮৫১ मान इहेट कि कि ९ वृध्वि इहेग्राह— अज्ञा नीन क्रिंटिज क्रीकात क्रेटन 🎺 छूके व्यामी मारमत्रेहें। क्ला कार्यक এক খানা চুকিপত্র লেখা ছয়—কথিত ছইয়াছে যে এই প্রকার চুক্তি ১। ২। ৩ । ৫। ১০ বংসরের নিমিত্ত ছইয়া পাকে এবং তদ্ভে বেবি, হয় যে ঐ কএক বৎসরের জন্য প্রজা নীল করিতে বাধা হয় কিন্ত আমাদের ভদারকে এক অভি চমৎকার ব্যাপার প্রকাশ ইইয়াছে—ওয়াট্সন্সাহেব-দিগের কানসারাণ ভিন্ন আর পুার ভাবত কুঠিতে প্রতি বৎসর এই সকল চাক নুতন করিয়া হইরা থাকে— অর্থাৎ যে ব্রকি ১০ দশ্বংসরের জনো ১৮৫০ সালে চুক্তি করিয়াছে সে वांकि ১৮৬० मान १र्गाञ्च भीन कंत्रिय हेरात भएन जारात সহিত আর কোন নৃতন বন্দোবস্ত অথবা লেখা পড়া ছওয়ার জাবশ্যক নাই কিন্ত কুঠির কাগলপত্রে প্রকাশ হইয়াছে যে প্রান্ত বৎসরে সেই প্রজার নামে চুক্তিপত্তোর ইষ্টাম্প খরচ ও खनाना विषय निधि रहेया थाक ।

৪৯ দকা — প্রজার সহিত কুঠির হিসাব দোরস্ত করিবার সমর প্রতি বৎসর প্রজার নামে ১০ আনা ধরচ লেখা যায় এবং প্রত্যেক প্রজার নামে ১০ আনা ধরচ লেখা যায় এবং প্রত্যেক প্রজা এক ধানা সালা ইপ্তাম্প কাগজে আপন নাম দক্তথং করিয়া দেয় কিন্তু কোনং কুঠিতে কথন সে কাগজের উপরে মখন লেখা হয়না—সতএব যে ছলে চুক্তি সকল নাম নাত্র ভিন অথবা পাচ বংসরেজ্ঞনা উলেখ হইয়া প্রতি বংসরে ভ্তন লেখাপড়া হয় তাহাতে ম্পাই বোধ হয় য়ে এমন সকল চুক্তি বথার্থ পক্ষে এক বংসরের অধ্যক কালের জানা কাএম হয় না অর্থাৎ এই চুক্তির ছারা প্রতি বংসর চারিকে নীলের চাষ করিতে বন্ধ করে।

eo एका ।— बात अरु अनाम धरे य भए भएकात हिमाद

এক বিধা জনীতে ১০ বাণ্ডিল নীলপাত জ্বলে এবং ১০ বাণ্ডিজে ২ সের মাল তৈয়ার হয়—২০০ টাকার হিসাবে নীলের মোন বিক্রেয় হইলে ২ সেরের দাম ১০ টাকা হইরে—কিন্তু ঐ দশ বাণ্ডিল নীল পাতের দাম ৪ বাণ্ডিলের হিসাবে প্রজা লোক ২॥০ আড়াই টাকার অধিক পায় না।

৫১ দকা।—সতএব নীলকর প্রেজার সহিত যে চুক্তি করে ভাহাতে তিনি প্রজার চতুগুণি লাভ করেন।

৫२ मका।--- (कहर नीनक दत्र तिकृ एक এই कथा क एह যে চ্চিপত্রের অছিলায় সাদা ইষ্টাম্প কাগজে প্রজাকে দিয়া তাহাদের যে নাম দস্তখৎ করিয়ারাখেন পারে ঐ প্রজা কুঠির কোন প্রকার বিরুদ্ধাচরণ করিলে তাহার দস্তথতী সাদা কাগজে কর্জ্জা টাকার খত লিখিয়া আদাসতে নালিশ করিয়া তাহার নামে দেওয়ানী আদালতে নালিশ করিয়া ডিক্রী প্রাপ্ত ছএন কিন্তু আমরা এই কথা বিশ্বাস করি না যে হেতৃক নীলকরেরা কখনো অঃপন প্রজার বিরুদ্ধে আদালতে নালিশ করে না-ভবে সাক্ষিদিগের সাক্ষা বাক্যে আমাদের নিশ্চয় বোধ হইতেছে যে প্রেক্সা কুঠির অবাধ্য না হইতে পারে এবং কুঠির নীলের চাস হইতে অব্যাহতি না পায় এই নানসে চুক্তি পত্র প্রতি বৎসরে ঐ প্রকারে লিখিত ইইরাধ কে-এই প্রধা ষে চলিত আছে ইহাতে আমরা অত্যন্ত ছঃথিত হইলাম কারণ ষদ্যপিও আনরা নিশ্চয় জানি যে এই বিষয়ে নীলকরদিগের হত্তে প্রজাদিগের কোন আশংকা নাই তথাপি ইহা সকলে অব-গত আছে যে মফঃসলে দস্তথতী সাদা ইষ্টাম্প কাগল্পে মিখ্যা ममीम क्षेत्र ७ हरेया व्यान कित कि जिमासक रय-वानता व्यादता ছুঃ ধিত क्हेब्रा अवश्व, क्हेब्राभ या क्यान२ भगरत के है। स्लित वावटल 🗸 • छूहे जानात अधिक थड़ा हा लावा एत अर्थाए (मध्यानी আদালতের মোকদমার ইষ্টাম্প কাগজ ধরচ বারতে এত অধিক টাকা খরচ লেখা হয় যে সেটাকা হইলে প্রজার কুঠির ,দেনা সমুদয় পরিশোধ হইতে পারে—বাহা হউক কখনো কম্মিনকালে প্রজার বিরুদ্ধে যদাপি নালিশ করিতে হয় ডজ্জানা অত্যেতাহার নিকটে নোক্দমার আবশ্যকীর ইষ্টাম্পের প্রাম্ল্য কাটিয়া রাথার যে প্রথা আছে তাহা বড় আ্রুচর্যা—আমরা श्राब्दिशाब्दि एवं अरु क्रम नीनक्त्र अरु क्रम क्षमात्र निक्टेंहे ॥ •

\* \* \* \* \* \* \* \* \* \*

৫৩ দকা।—নীলকর ও •প্রজাতে বে চুক্তি হয় তাহাতে প্লা নীলের জন্য চাস, ও বুনানি, এবং সময় শীরে নিজানি এবং গরুর তছ্রপাতি হইতে চারা সকল রক্ষা ও কাটাই ও কুঠিতে ঢোলাই করিতে বাধ্য হয়—স্বভাবত এই চুক্তি এমন করিয়া লেখা হয় যে সে বিষয়ে আমরা অনেক আপস্ত ও অনৈক্য সাক্ষ বাকা প্রাপ্ত হইয়াছি।

৫৪ দকা।—আমরা ইং। সম্পূর্ণকপে স্বীকার করি যে নীল করেরা অধিক পন ও পেসগি দিয়া প কনি ও ইজারা লইরা থাকেন এবং যে অতিরিক্ত খাজনা দেন তাহা পুজাদিগের নিকট হইতে কখনো আদায় হয়না অতএব ঐ টাকা ভাহাদের নীল কারবারের টাকা হইতে থরচ করিছে হয়—ইহাতে অবশ্যই বিচার সংযুক্ত কহিতে হইবে যে পুজাদিগের অধিক টাকা দিতে পারেন না কাষেই নীলের চাস করণীয় ব্যক্তিদিগের নোকসান হয়—নীলকরেরা স্বীকার করেন যে ভুমাধিকারী না হইলে তাহাদের আসন্ত অর্থাৎ নীলকর্ম কোন মতে চলে না অভএব এমন ছলে আমাদের অবশ্যই স্বীকারকরিতে হইবে যে জমীদারেরা তাহাদের আপন্থ বিষয় ও ক্ষনতা বিক্রয় করিতে যে ইচ্ছা, সে দাম চাহিছে ও লইতে পারেন—যে-ব্যাপারে তাহাদের লাভ আছে বাঙ্গালি জমীদারকে সে কর্ম করিতে কথন বারণ করা হইতে পারে না—বদ্যপি নীলকরেরা আপন্ন ইই মিল নিনিত্ত একটা দিভক্রের করিছত আকিঞ্চন করেন তবে জ্বনীদারেরা কি অন্য লোকে সেই বিভের জ্বন্য কি জ্বন্য যে আপন ইচ্ছানুসারে অধিক মূল্য চাহিবে না ইহা আমরা বুকিতে পারি না—ক্রেয় বিক্রয়ের বিষয়ে সমুদায় পথিবীতে এই প্রথা আছে।

৫৫ দকা। অতএব তদারক করিয়া আমরা দেখিলান যে
নীলের চাসের প্রতি অথবা সাহেব লোকেদের অন্য কোন
ব্যবসার প্রতি বাঙ্গালি জ্ঞমীদারে শক্ষতা ব্যবহার অথবা
ব্যাঘাতের কোন কর্ম করে না—সাহেবেরা পত্তনি তালুক
করিতে অতান্ত ভাল বাসেন এবং তাহাতে ও তাহাদের অনেক
স্থবিদা হইয়াছে—পূর্ব্বে জ্ঞমীদারী নীলাম হইয়া গেলে পত্তনির
স্থত্ব লোপ হইত ১৮৫৯ সালের ১১ আইনামুযায়ীক রেজেইরী
করিয়া রাখিলে পত্তনির স্থত্বের কোন ব্যাঘাত হয় না অতএব
এইক্লনে নীলকরেরা উক্ত আইনামুসারে পত্তনি ক্রয় করিলে
সচ্চন্দে নীলের চাস ও প্রজার উপর জ্ঞমীদারী ক্ষমতা
জারী করিতে পারেন কারণ পত্তনি দিলে সে তালুকের সহিত
জ্ঞমীদারের কোন সম্বন্ধ থাকে না।

· ৫৬ দফা।—নীলকর প্রজার সহিত যে ব্যবহার করেন এই ছুই বিষয় বিশেষ করিয়া ভদারক করিয়াছি এবং ভদ্বিয় বর্ণনা করিতে অধিক লিখিতে হইবে।

৫৭ দকা।—কি প্রকারে প্রজায় প্রথমে দাদন লইয়াছিলো ভাহা জানিবার জন্য জামরা জনেক চেষ্টা ও বত্র করাতেও সফল ইই নাই কারণ আমরা বে সকল সান্ধিদিগের জবানবন্দী লইয়াছি ভাহার। কেই এ বিষয়ের সন্তোমজনক উত্তর দিতে পারে নাই ভাহারা কহে যে ভাহাদের বাল্যকালে ভাহাদের পিতা অথবা পিতামহ দাদন লইয়াছিল—নীলকরের সাক্ষ্যবাকে। প্রকাশ ইইয়াছে যে প্রজারা কেই ঋণগ্রন্থ হইয়া কেই অপব্যায় করিবার জন্য কেই ছ্গাপ্সজার থরচের জন্য কেই অপব্যায় করিবার জন্য কেই ছ্গাপ্সজার থরচের জন্য থেই খাজানা পরিশোধ করিবার জন্য এবং বিনা স্থদে টাকা পাইবার লোভে দাদন গ্রহণ করে—যাহা হউক প্রজারা কহে এবং নীলকরেরা ও স্বীকার করিয়াছেন যে প্রজারা হিসাবের দেনা পরিন্ধার করিতে পারে না এবং পৈতৃক চাসার ন্যায় প্রতিন দাদনের দায়ে দায়ীক থাকিয়া কর্ম করিতে হয়— আসল কথা এই যে বর্মান নীল চাসের প্রনালীতে পিতার

দেনায় বদ্ধ আছে এই কথা বিশ্বাস করিয়া পুত্র নীল বুনানি করে এবং অধিকাংশ চাসি ব্যক্তিরা পুরাতন দাদনের দায়ে নীল চাস করে—অতি অপ্প নৃতন লোকে দাদন লইয়াছে—আমরা বিবেচনাকরি বে চাসি ব্যক্তির মধ্যে এমন সংস্কার আছে বে বেমন পিতার তেজ্ঞা জমা জমীতে উত্তরাধিকারী হইলে ভাহার ঋণ পরিশোধ করিছে পুত্র দায়ীক হয় সেই প্রকার পিতা কোন কর্মা করিবার চুক্তি করিলে পুত্র সেই চুক্তির কর্মা নির্বাহ করিতে দাইক হইবে এবং এই সংস্কারের জন্য পিতার দাদনের চাস পুত্র ও করিতেছে।

৫৮ দফা।—আমরা এ কথা কহিতে ইচ্ছা করি না যে নীলকরের। প্রজাদিগকে যে দাদন দিয়াছেন তাহা সকল জবরদন্তী দারা দেওয়া, হইয়াছে—বেএলাকার প্রজাদিগকে জবরদন্তী দারা দাদন দিছে চেষ্টা করিলে হেলামা হওয়ার সন্তাবনা আছে স্পষ্ট দেখা এাইতেছে—বোধ হয় যে বেএলাকার প্রজারা নগদ টাকা পাইবার লোভে পূথনে দাদন লয় এবং কখনো এমন হয় যে জমীদারের সহিত ভাব পুলয় খাকিলে তাহার লওয়ানো ও অমুরোধক্রমে পুলারা দাদন লয়।

কে দকা — সকল নীলকরেরা কছেন যে বাঙ্গালি জ্ঞাতির আলশ্য ও বিশ্বাসঘাতক ও কর্ম্মে অপুটশ্বভাবপুরুক্ত সাহেবরা স্বয়ং এবং চাকরের দ্বারা পূজার কর্ম্ম ও নীলের চাস সর্বাদা তদারক করিতে বাধ্য হএন নচেং পূজাতে সময়শারে চাস ও বুনানি ও নিজানি ও কাটাই করে না কিন্তু তাহারা কহেন যে এই তদারকে প্রজাদিগের অন্যানা চাস কর্ম্মের ব্যাঘাত হয় না—ধানের মহাজনেরা ও গবর্ণমেন্টের আক্রিমের কর্ম্মনান্তারিরা এই প্রকার তদারক করিয়া থাকেন কিন্তু নীলকর সাহেবেরা যে পরিমাণে ভদারক করেন তাহা হইতে মহাজনের ও জ্যাকিমের তদারক অনেক স্থান হইয়া থাকে— যে সক্স প্রজারা আমাদের নিকট সাক্ষ্য দিয়াছে তাহারা নালিশ করিয়াছে যে নীলকরেরা যে প্রকার তদারক করেন তাহাতে তাহাদের অত্যন্ত জ্যালাতন ও তক্ত বোধ ও হ'নিকর হয়—তাহারা কহে যে সাহেবেরা তাহাদের বার্হার চাস দিয়ে ও ঢেলা বাছাই করিতে ও দ্বীলের গোড়া উপভাইতে

ও ভূমি সমান করিতে কহে এবং ভাহার। যে সময় আঞ্জা করিবেন ঠিক সেই সময় বুনানি করিতে হয় এজনো প্রজার সময় ও পরিশ্রম ভাহার আপন স্বাধীন থাকে না অর্থাৎ আপন সেচ্ছাধীন নিজের কোন কর্ম্ম করিতে ক্ষমবান হয় না এবং ভাহাদের ধানের জনী বিনা চাসে অথবা অর্জেক চাসে পড়িয়া থাকে ভদসেওয়ায় ভাহাদের সর্ক্রমা কুব্যবহার ও অপমান ও অভ্যাচার ভোগ করিতে হয় কিন্তু এই সকল ক্রেশ ও অচ্যাচার সহ্য করিয়া যে নীল উৎপত্তি করে ভাহার বাণ্ডিল যথার্থকাপ মাপ করিয়া লয় না—এই বিষয়ের প্রমানের জন্য আমরা প্রার্থনা করিতেছি যে গবর্নর সাহেব অনুগ্রহ করিয়া প্রজার ও নীলকরের জ্বানক্র্মী পাঠ করিবেন—এই বিষয়ে অধিক জ্বানক্র্মী লওয়া হইয়াছে এবং ভজ্জনা আমরা ভাহা প্রত্যেকে বর্ণ করিতে স্বাক্রমাশ পাইলাম না ।

৬ ৽ দয়। — এই বিষয়ে যে সকল জবানবন্দী উভয় পক্ষ

হইতে লওয়া হইয়াছে তন্মধ্যে এক কথা এই স্থান অবধি
শরণ করিয়া রাখিতে হইবে বে যে প্রনালীতে এইক্ষণে নীলের

চাস চলিতেছে তাহাতে প্রজার কিছুমাত্র লাভ হয় না—

গবর্নর সাহেবকে আমরা জানাইতেছি যে স্থল প্রজাদিগের

মাক্ষ্য বাক্যে অথবা তাহাদের পক্ষের লোকের জবানবন্দীতে

প্রকাশ হইয়াছে এমত নহে নীলকরদিগেরা স্বয়ং স্থীকার

করিয়াছেন যে নীলের চাসে প্রজার লাভ হয় না।

৬১ দফা।—জে, পি, আইজ্নামক এক জন নীলকর স্বীকার করিয়াছেন যে অন্যান্য ফসলের ন্যায় নীলে প্রজ্ঞার লাভ না হওয়া প্রযুক্ত তাহারা নীলের চাসে ভতি অপ্প যর করে—এক জন মাজিট্রেট যিনি এক বড় নীলের জেলায় অনেক কাল ব্যয় করিয়াছেন কহেন বে নীলের চাসে নোকসানের দায় প্রকার উপরে রাখেন জাশা ও জন্মার লাভ নোকসানের দায় প্রজার উপরে রাখেন আপনারা দায়ীক হএন না—এক জন অত্যন্ত পারদশী নীলকর প্রকাশ করিয়াছেন যে নাকসানের দায়ীক প্রজা এেকং নীলের ফসলে প্রজার, দাদন পরিশোধ হয় না—এক জন ভদ্র লোক যিনি পুর্বের্ম নীলকর ছিলেন সাক্ষ্য দিয়াছেন যে লোকে নীলের চাস ভাল না বাসিবার কারণ বে নোকসানের সকলদায় শ্রেজাকে ভোগ করিছে হয়—একজন

